



বাক্বি (ময়মনসিংহ): প্রধানমন্ত্রী স্বর্ণপদকপ্রাপ্ত ও শিক্ষার্থী (বাম থেকে) শারমিন করিম, রুখসানা আমিন রুনা, আফসানা ইসলাম, অভিজিৎ সাহা অপু, মোঃ আতিকুর রহমান এবং আবু হায়াত মোঃ সাইফুল ইসলাম

প্রধানমন্ত্রী স্বর্ণপদক পেলেন বাক্বি'র ৬ শিক্ষার্থী

॥ ময়মনসিংহে ও বাক্বি থেকে সংবাদদাতা ॥

শিক্ষাক্ষেত্রে সর্বোচ্চ মেধার স্বাক্ষর রাখার জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে অনার্সে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারী ৬ জন মেধাবী শিক্ষার্থী প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০০৬ পেয়েছেন। গত ২ জুলাই প্রধানমন্ত্রীর কার্যালয়ের আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রী তাদের হাতে এ পুরস্কার তুলে দেন। দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে (১৬টি) অধ্যয়নরত শিক্ষার্থীদের অধ্যয়নে অধিকতর মনোনিবেশ তথা ভাল ফলাফল অর্জনে উৎসাহিত করার জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে। দ্বিতীয়বারে গত ১১ বছর ১১ পুরস্কার দেয়া হচ্ছে। ২০০৫ সাল

থেকে এ পুরস্কার প্রদান শুরু হয়।

পুরস্কারপ্রাপ্ত ৬ কৃষী শিক্ষার্থী হলেন:- বিএসসি ফিশারিজ (অনার্স) প্রথম শ্রেণীতে প্রথম শারমিন করিম, ডক্টর অব ভেটেরিনারি মেডিসিনে (ডিভিএম) প্রথম শ্রেণীতে প্রথম রুখসানা আমিন রুনা, কৃষি অনুশূদে প্রথম শ্রেণীতে প্রথম আফসানা ইসলাম, পতপালন অনুশূদে প্রথম শ্রেণীতে প্রথম অভিজিৎ সাহা অপু কৃষি প্রকৌশলী ও কারিগরী অনুশূদে প্রথম শ্রেণীতে প্রথম মোঃ আতিকুর রহমান এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুশূদে আবু হায়াত মোঃ সাইফুল ইসলাম। এদের মধ্যে আফসানা ইসলাম ইতিমধ্যেই ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন।

পুরস্কারপ্রাপ্তদের সাথে যোগাযোগ করলে তাদের প্রত্যেকেরই খুব ভাল লাগছে বলে উল্লেখ করে বলেন, ইউজিসি একটি সময়োপযোগী সিদ্ধান্ত নিয়েছে। এ ধরনের পুরস্কার শিক্ষার্থীদের ভাল ফলাফল করতে উৎসাহ যোগাবে। উপাচার্য অধ্যাপক ড. মোহাঃ আমিরুল ইসলামের সাথে যোগাযোগ করলে তার ভাল লাগার অনুভূতি ব্যক্ত করে বলেন, আবারও প্রমাণিত হল আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সময়োপযোগী হিসেবে গড়ে উঠেছে। তারা তাদের মেধার স্বাক্ষর রেখে চলেছে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়াও বিভিন্ন ডিসিপিএন থেকে সারাদেশ থেকে ৫৫ জনকে এ বছর এ পুরস্কার দেয়া হয়।